## অধ্যায়-৬: মূল্যবোধ

১৯৫. প্রতিটি সমাজের নিজস্ব কী রয়েছে? [জ্ঞান]
ক শিক্ষা খ প্রতিষ্ঠান
গ আচরণ ঘ মূল্যবোধ **ঘ**

১৯৬. কতগুলো মনোভাবের সমন্বয়ে গঠিত অপেক্ষাকৃত স্থায়ী বিশ্বাসকে কী বলে? [জ্ঞান]
ক মূল্যবোধ খ পূর্বসংস্কার
গ বদ্ধমূল ধারণা ঘ মনোভাব **ক**

১৯৭. মূল্যবোধ এক ধরনের কী? [জ্ঞান]
ক আদর্শ খ নীতি
গ নৈতিকতা ঘ সংস্কার **ক**

১৯৮. কতকগুলো মনোভাবের সমন্বয়ে কী গঠিত হয়? [প্রয়োগ]
ক মতামত খ মনোভাব
গ কৃষ্টি ঘ মূল্যবোধ **ঘ**

১৯৯. 'আমাদের হাজার হাজার মনোভাব থাকতে পারে, কিন্তু মূল্যবোধ রয়েছে কয়েক ডজন মাত্র।'— কার সংজ্ঞা? [জ্ঞান]
ক রকিচ খ মারফি
গ নিউকম্ব ঘ ড. শওকত আরা **ক**

২০০. কখন ব্যক্তি মূল্যবোধকে মেনে চলা কর্তব্য বলে মনে করে? [উচ্চতর দক্ষতা]
ক যখন মূল্যবোধ প্রতিষ্ঠিত হয়
খ যখন মূল্যবোধের প্রতি শ্রদ্ধাবোধ হয়
গ যখন মূল্যবোধের অবক্ষয় হয়
ঘ যখন মূল্যবোধ আলোকিত হয় **ক**

২০১. মূল্যবোধ নিয়ন্ত্রিত হয়— [অনুধাবন]
i. মানুষের আচার-ব্যবহার দ্বারা
ii. মানুষের রীতিনীতি দ্বারা
iii. মানুষের ভালোমন্দ দ্বারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০২ ও ২০৩ নং প্রশ্নের উত্তর দাও:

প্রত্যেক সমাজে মানুষের দ্বারা প্রত্যাশিত-অপ্রত্যাশিত, ন্যায়-অন্যায় কাজ সংঘটিত হয়। একজন মানুষ হিসেবে অমল সমাজের মানুষের এসব কাজের ভালো-মন্দ বিচার করতে পারে। অমলের মতো প্রত্যেক মানুষের এরকম যাচাই করার নিজস্ব ক্ষমতা আছে।

২০২. অমলের মধ্যে কোনটি পরিলক্ষিত হয়? [প্রয়োগ]
ক মনোভাব খ ব্যক্তিত্ব
গ মূল্যবোধ ঘ বুদ্ধি **গ**

২০৩. উদ্দীপকে অমলের মধ্যে যেটি রয়েছে তার বৈশিষ্ট্য— [উচ্চতর দক্ষতা]
i. স্বাধীনভাবে গঠিত
ii. সমাজের চালিকাশক্তি
iii. সংখ্যা অল্প
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২০৪. কোন মূল্যবোধের ব্যক্তিরা সহজেই মানুষের সাথে বন্ধুত্ব ও প্রীতির সম্পর্ক গড়ে তুলতে পারে? [জ্ঞান]
ক তাত্ত্বিক খ সামাজিক
গ রাজনৈতিক ঘ ধর্মীয় **খ**

২০৫. কোন ধরনের মূল্যবোধসম্পন্ন ব্যক্তিরা সবসময়ই মিতব্যয়ী হয়? [অনুধাবন]
ক ধর্মীয় মূল্যবোধ
খ রাজনৈতিক মূল্যবাধ
গ সামাজিক মূল্যবোধ
ঘ অর্থনৈতিক মূল্যবোধ **ঘ**

২০৬. কোন মূল্যবোধের ওপর ভিত্তি করে বিভিন্ন রাজনৈতিক মূল্যবোধের উদ্ভব ঘটে? [জ্ঞান]
ক ধর্মীয় মূল্যবোধ
খ রাজনৈতিক মূল্যবোধ
গ সামাজিক মূল্যবোধ
ঘ তাত্ত্বিক মূল্যবোধ **খ**

২০৭. মূল্যবোধের ধরন হলো— [অনুধাবন]
i. নান্দনিক মূল্যবোধ
ii. ক্রয়-বিক্রয় মূল্যবোধ
iii. রাজনৈতিক মূল্যবোধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

২০৮. একজন তাত্ত্বিক মূল্যবোধসম্পন্ন ব্যক্তি হয়ে থাকে— [উচ্চতর দক্ষতা]
i. বিচার বুদ্ধিসম্পন্ন
ii. সমালোচক iii. জ্ঞান অভিজ্ঞতামূলক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২০৯. সৌন্দর্যবোধ মূল্যবোধ প্রাপ্ত ব্যক্তিরা সর্বদা— [অনুধাবন]
i. জাঁকজমক পছন্দ করে
ii. শক্তিমত্তার পরিচয় চিহ্ন পছন্দ করে
iii. সম্মানসূচক চিহ্নগুলোকে বেশি পছন্দ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২১০. তাত্ত্বিক মূল্যবোধের লোকেরা— [অনুধাবন]
i. জ্ঞানমূলক মনোভাব গ্রহণ করে
ii. নিজের পরিচিতি খুঁজে বেড়ায়
iii. সৌন্দর্য পিপাসু হয়ে থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

২১১. রাজনৈতিক মূল্যবোধের পেছনে কাজ করে— [উচ্চতর দক্ষতা]
i. পূর্বসংস্কার ii. পছন্দ অপছন্দ
iii. বিশ্বাসসমূহ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

উদ্দীপকের আলোকে ২১২ ও ২১৩ নং প্রশ্নের উত্তর দাও:

আসলামুল হক রিন্টু, সবাই তাকে রিন্টু বলে ডাকে। রিন্টুকে সবাই খুব ভালোবাসে। তার কাছে জনগণের ভালোবাসাই মূল ভিত্তি। তিনি সহজেই সকল মানুষের সাথে বন্ধুত্ব ও প্রীতির সম্পর্ক গড়ে তোলেন। এরা ভালোবাসার মধ্যেই জীবনের মূল্যবোধ খোঁজ।

২১২. আসলামুল হক রিন্টুর মধ্যে কোন ধরনের মূল্যবোধ রয়েছে? [প্রয়োগ]
ক তাত্ত্বিক খ অর্থনৈতিক
গ রাজনৈতিক ঘ সামাজিক **ঘ**

২১৩. রিন্টু সাহেবের চরিত্রে যে মূল্যবোধ কাজ করছে তার বৈশিষ্ট্য হলো— [উচ্চতর দক্ষতা]
i. সকলের প্রতি ভালোবাসা
ii. সর্বদা নেতৃত্ব প্রদান করা
iii. নিজের স্বার্থের প্রতি তেমন গুরুত্ব না দেওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i,ii ও iii **খ**

২১৪. কোনটি শিশুর স্বাভাবিক মূল্যবোধ? [জ্ঞান]
ক ধর্মীয় মূল্যবোধ
খ তাত্ত্বিক মূল্যবোধ
গ রাজনৈতিক মূল্যবোধ
ঘ অর্থনৈতিক মূল্যবোধ **ক**

teachingbd.com

২১৫. কোনটি শিশুর পারিবারিক প্রভাবে বিশেষ মূল্যবোধ? [জ্ঞান]
ক সামাজিক মূল্যবোধ খ ধর্মীয় মূল্যবোধ
গ সাংস্কৃতিক মূল্যবোধ
ঘ ঐশ্বরিক মূল্যবোধ **গ**

২১৬. কোন মূল্যবোধগুলো প্রত্যেক সম্প্রদায় আলাদাভাবে লালন ও পালন করে? [জ্ঞান]
ক সাংস্কৃতিক মূল্যবোধ খ রাজনৈতিক মূল্যবোধ
গ নান্দনিক মূল্যবোধ ঘ ধর্মীয় মূল্যবোধ **ঘ**

২১৭. মূল্যবোধ গঠনের মাধ্যমে হচ্ছে— [অনুধাবন]
i. কমিউনিটি ii. সমবয়সি দল
iii. বিদ্যালয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২১৮. শিশুর মধ্যে মূল্যবোধ সৃষ্টি করার ব্যাপার— [অনুধাবন]
i. পাঠ্যবই যথেষ্ট গুরুত্বপূর্ণ
ii. বিদ্যালয়ের আচার অনুষ্ঠান খুবই গুরুত্বপূর্ণ
iii. অপরাধমূলক কাজ খুবই গুরুত্বপূর্ণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

২১৯. ধর্মীয় মূল্যবোধের ভিত্তিতে আমাদের সমাজে রয়েছে— [অনুধাবন]
i. মুসলমান সম্প্রদায়
ii. হিন্দু সম্প্রদায় iii. কুমোর সম্প্রদায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

২২০. ব্যক্তির মূল্যবোধ নির্ধারিত হয়— [অনুধাবন]
i. সমাজ দ্বারা
ii. কৃষ্টি দ্বারা iii. কমিউনিটি দ্বারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের উদ্দীপকটি পড়ে ২২১ ও ২২২নং প্রশ্নের উত্তর দাও:**
হোসাইন সর্বদা পরোপকারী। নিজের স্বার্থের প্রতি সে গুরুত্ব দেয় না। অন্যকে ভালোবাসাই তার কাজ। আর এ কাজের জন্যই সকলের সাথে তার বন্ধুত্বপূর্ণও নিবিড় সম্পর্ক গড়ে উঠেছে।

২২১. হোসাইনের চরিত্রে কোন মূল্যবোধ দেখা যায়? [জ্ঞান]
ক চারিত্রিক মূল্যবোধ খ সামাজিক মূল্যবোধ
গ রাজনৈতিক মূল্যবোধ ঘ ধর্মীয় মূল্যবোধ **খ**

২২২. উদ্দীপকে হোসাইনের চরিত্রে পাওয়া মূল্যবোধের ধরনগুলো হলো— [উচ্চতর দক্ষতা]
i. দয়ালু ii. সহানুভূতিশীল
iii. নিঃস্বার্থ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২২৩. কোনটি মানুষের ইচ্ছার একটি বিশেষ মানদণ্ড? [জ্ঞান]
ক মূল্যবোধ খ কৃষ্টি
গ প্রথা ঘ সমাজীকরণ **ক**

২২৪. কোনটি কৃষ্টি ও মনোভাবের মাধ্যমে গঠিত একটি আদর্শবাদ? [জ্ঞান]
ক সামাজিক ঐক্য খ মূল্যবোধ
গ মতামত ঘ সমাজীকরণ **খ**

২২৫. কোন মূল্যবোধের ক্ষেত্রে পুরুষদের তুলনায় মহিলারা উচ্চ মূল্যবোধসম্পন্ন? [অনুধাবন]
ক তাত্ত্বিক মূল্যবোধের
খ নান্দনিক মূল্যবোধের
গ সামাজিক মূল্যবোধের
ঘ ধর্মীয় মূল্যবোধের **গ**

২২৬. কোন মূল্যবোধের প্রভাবে শিশুদের আচরণে সামাজিক দায়িত্ববোধের প্রকাশ লক্ষ করা যায়? [জ্ঞান]
ক অর্থনৈতিক মূল্যবোধের
খ সামাজিক মূল্যবোধের
গ নৈতিক মূল্যবোধের
ঘ নান্দনিক মূল্যবোধের **গ**

২২৭. ব্যক্তির মাঝে স্থায়ী মূল্যবোধ তৈরি হয় — [অনুধাবন]
i. ব্যক্তিত্বের প্রক্রিয়ার মাধ্যমে
ii. সামাজিকীকরণ প্রক্রিয়ার ফলে
iii. মনোভাব প্রক্রিয়ার মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২২৮. ব্যক্তি পরিণত বয়সে তার জাতীয় ও আন্তর্জাতিক জীবনে কী ভূমিকা পালন করবে তাও অনেকটা নির্ধারিত হয়ে যায়— [উচ্চতর দক্ষতা]
i. বাল্য সমাজ থেকে অর্জিত মূল্যবোধ দ্বারা
ii. কৈশোর সমাজ থেকে অর্জিত মূল্যবোধ দ্বারা
iii. প্রৌঢ় সমাজ থেকে অর্জিত মূল্যবোধ দ্বারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

২২৯. তাত্ত্বিক মূল্যবোধের ক্ষেত্রে পুরুষরা নিজেকে প্রতিষ্ঠিত করার চেষ্টা করে— [অনুধাবন]
i. সত্য উদ্‌ঘাটনে ii. বাস্তব প্রয়োগে
iii. সৃজনশীলতায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২৩০. ব্যক্তির মূল্যবোধগুলো তার আচরণকে প্রভাবিত করে— [অনুধাবন]
i. কখনো পরোক্ষভাবে
ii. কখনো প্রত্যক্ষভাবে
iii. কখনো সরাসরি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২৩১. মূল্যবোধগুলোর প্রভাবে কিশোর আচরণের যে পরিবর্তন লক্ষ করা যায়, তা গঠিত হতে পারে— [উচ্চতর দক্ষতা]
i. কিছু বিশেষ আদর্শ অনুকরণ ও অনুসরণ দ্বারা
ii. সমবয়সিদের প্রতি আনুগত্য প্রকাশ দ্বারা
iii. সমবয়সিদের সাথে সামঞ্জস্য রক্ষা এবং নতুন ধারণা পোষণ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩২ ও ২৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**
রাখী সব মানুষের মতো সবার সাথে সমাজে বাস করে। সামাজিক পরিবেশই তাকে শিখিয়ে দেয় সে কীভাবে মিশবে, ব্যক্তি বা অবস্থানভেদে কীভাবে আচরণ করবে, কাকে স্নেহ, শ্রদ্ধা বা সমীহ করবে।

২৩২. সামাজিক আচার-আচরণ শিখতে রাখীর মধ্যে কোন বিষয়টি প্রভাবিত করে? [প্রয়োগ]
ক মনোভাব খ মূল্যবোধ
গ কৃষ্টি ঘ সংস্কৃতি **খ**

২৩৩. রাখীর যে বিষয়টি প্রভাবিত করে তা গঠনের মাধ্যমে— [উচ্চতর দক্ষতা]
i. কমিউনিটি ii. পরিবার
iii. সমাজ ও কৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

teachingbd.com